

FAX

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
আর্মড পুলিশ ব্যাটালিয়ন হেডকোয়ার্টার্স
উত্তরা, ঢাকা



স্মারক নং-এপিবিএন/হেডকোয়ার্টার্স/প্রশাঃ-২০২২/

তারিখ : চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ ।
এপ্রিল ২০২২ খ্রিঃ ।

বিষয় : এপিবিএন ও এসপিবিএন সদস্যদের অভ্যন্তরীণ বদলী/পদায়ন নির্দেশিকা ।

এপিবিএন ও এসপিবিএন-এ কর্মরত সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে উল্লেখিত বদলী/পদায়ন নির্দেশিকা জারি করা হলো ।

বদলী/পদায়নের জন্য অনুসরণীয় নির্দেশিকাসমূহঃ

- ১) সমতল জেলায় অবস্থিত এপিবিএন এর ইউনিটসমূহে চাকুরীকাল ৩ বছর পূর্ণ হলে নিজ জেলায় অবস্থিত ইউনিট ব্যতীত অন্য যে কোন যাচিত ইউনিটে বদলীর জন্য আবেদন করতে পারবেন;
- ২) কক্সবাজার জেলা বা পার্বত্য জেলার ইউনিটসমূহে চাকুরীকাল ২ বছর পূর্ণ হলে নিজ জেলায় অবস্থিত ইউনিট ব্যতীত অন্য যে কোন যাচিত ইউনিটে বদলীর জন্য আবেদন করতে পারবেন;
- ৩) স্বামী/স্ত্রী উভয়েই সরকারী চাকুরীজীবী হলে চাকুরীকাল ২ বছরের কম হলেও আবেদন করতে পারবেন;
- ৪) স্বামী/স্ত্রী উভয়েই সরকারী চাকুরীজীবী হলে তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে স্ত্রী/স্বামীকে একই কিংবা নিকটবর্তী কর্মস্থলে বদলীর ক্ষেত্রে মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- ৫) যথাযথ কর্তৃপক্ষ ব্যতীত সরাসরি কোন আবেদন এপিবিএন হেডকোয়ার্টার্সে প্রেরণ করা যাবে না। এপিবিএন হেডকোয়ার্টার্সে সরাসরি কোন আবেদন দাখিল করলে তা বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে;
- ৬) পিআরএল গমনের ক্ষেত্রে চাকুরীকাল ২ বছরের কম থাকলে বদলীর আবেদন করতে পারবেন;
- ৭) সদস্যের নিজ জেলায় অবস্থিত ইউনিটে বদলী/পদায়ন করা যাবে না;
- ৮) প্রশাসনিক ও জরুরী প্রয়োজনে অতিরিক্ত আইজি কর্তৃক অনুমোদিত হলে এ নির্দেশিকা প্রযোজ্য হবে না;
- ৯) এই নির্দেশিকার শর্তপূরণ করা না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে। ইউনিট প্রধান এ নির্দেশিকা অনুযায়ী আবেদন 'নাকচ' হলো মর্মে আবেদনকারীকে অবহিত করতঃ এপিবিএন হেডকোয়ার্টার্সকে অবগত করবেন;
- ১০) এপিবিএন হেডকোয়ার্টার্সের অনুমতি ব্যতীত বদলীর আদেশপ্রাপ্ত সদস্যদের ছাড়পত্র প্রদানে ০৫ (পাঁচ) কার্যদিবসের বেশি বিলম্ব করা যাবে না;
- ১১) পুলিশ হেডকোয়ার্টার্স হতে এপিবিএন-এ বদলীকৃত সদস্যদের নিয়ন্ত্রণাধীন ইউনিটে বদলীর ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্সের নির্দেশনা অনুসরণপূর্বক বদলী করা হবে; এবং
- ১২) এ নির্দেশিকার শর্তপূরণ সাপেক্ষে সদস্যগণ কর্তৃক দাখিলকৃত সকল আবেদন ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে এপিবিএন হেডকোয়ার্টার্সে প্রেরণ করা হবে।

এ নির্দেশিকা এপিবিএন এবং বিশেষায়িত ট্রেনিং সেন্টার (ASTC), পুলিশ স্পেশাল ট্রেনিং স্কুল (PSTS), ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, স্পেশাল সিকিউরিটি অ্যান্ড প্রটেকশন ব্যাটালিয়ন (এসপিবিএন) এর ইউনিটসমূহে কর্মরত ইন্সপেক্টর থেকে কনস্টেবল পর্যন্ত সকল সদস্যের জন্য প্রযোজ্য হবে।

ক্রমশঃ



প্রয়োজনের নিরিখে অতিরিক্ত আইজি, এপিবিএন এই নির্দেশিকা পরিবর্তন, পরিবর্ধন এবং পরিমার্জন করতে পারবেন।

ইউনিট প্রধানগণ স্ব-স্ব ইউনিটে কর্মরত সদস্যদেরকে রোলকল, বিশেষ রোলকল এবং কল্যাণ সভার মাধ্যমে এই নির্দেশিকার বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর

(ড. হাসান উল হায়দার)

বিপি-৬৪৯১০০০০২৮

অতিরিক্ত আইজি

এপিবিএন হেডকোয়ার্টার্স

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

ফোন-০২-৪৪৮৯০০০১ (অফিস)

E-mail: addligapbn@police.gov.bd

স্মারক নং-এপিবিএন/হেডকোঃ/প্রশাঃ-২০২২/ ২০২৬

তারিখ : ২২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ।
০৫ এপ্রিল ২০২২ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :-

- ০১। ডিআইজি (এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ডিসিপ্লিন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ০২। ডিআইজি এপিবিএন/এসপিবিএন, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ০৩। কমান্ড্যান্ট (অতিঃ ডিআইজি), এএসটিসি, খাগড়াছড়ি।
- ০৪। অতিরিক্ত ডিআইজি(সকল), এপিবিএন হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ০৫। এআইজি(পার্সোনেল ম্যানেজমেন্ট-২ ও ৩), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ০৬। অধিনায়ক (পুলিশ সুপার),(সকল) এপিবিএন.....।
- ০৭। পুলিশ সুপার.....(সকল), এপিবিএন হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ০৮। কমান্ড্যান্ট(পুলিশ সুপার), পিএসটিএস, রাজামাটি/ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, মহালছড়ি, খাগড়াছড়ি।
- ০৯। অতি পুলিশ সুপার/সহকারী পুলিশ সুপার.....(সকল), এপিবিএন হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ১০। অফিস নথি।

(ড. হাসান উল হায়দার)

বিপি-৬৪৯১০০০০২৮

অতিরিক্ত আইজি

এপিবিএন হেডকোয়ার্টার্স

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

ফোন-০২-৪৪৮৯০০০১ (অফিস)

E-mail: addligapbn@police.gov.bd